

Bengali/ বাংলা

তথ্য বিবরণী ১। অস্ট্রেলিয়াতে অক্ষমতা/বিকলাঙ্গতা বলতে কি বোঝানো হয়।

বিভিন্ন ভাষাভাষী এবং সংস্কৃতির অন্তর্ভুক্ত সম্প্রদায়ের জন্যে অক্ষম/বিকলাঙ্গ ব্যক্তিদের ব্যাপারে আম্পারো এন্ডোকেসি (AMPARO Advocacy) এই অনূদিত তথ্য বিবরণীটি প্রকাশ করেছে।

১. অক্ষমতা/বিকলাঙ্গতা কি?
২. অস্ট্রেলিয়ার প্রেক্ষিতে অক্ষমতা/বিকলাঙ্গতা
৩. অক্ষমতা/বিকলাঙ্গতার প্রকারভেদ
৪. প্রারম্ভিক প্রয়োজনীয় সাহায্য সহায়তা
৫. আনুষঙ্গিক সহায়তাসমূহ
৬. কোথায় সাহায্য পাওয়া যাবে
৭. অক্ষমতা/বিকলাঙ্গতা সেবার পরিবর্তনাদি
৮. দোভাষীর সেবা পাওয়ার সুযোগ
৯. মতামত প্রকাশে সাহায্য পাওয়ার সুযোগ



১. অক্ষমতা/বিকলাঙ্গতা কি?

কোনো ব্যক্তি নিজেই নিজের দেখাশুনা বা হাঁটাচলা করতে অক্ষম হলে, দেখতে বা শুনতে বা পরিষ্কার চিন্তা করতে না পারলে অথবা শিখতে অপারগ হলে তাকে অক্ষম/বিকলাঙ্গ বলা যায়। নিত্যদিনের কর্মকাণ্ড সম্পাদনের ক্ষেত্রে হয়তো তাদেরকে অনেক ঝামেলায় পরতে হয়।

কোনো দুর্ঘটনা, প্রচণ্ড মানসিক আঘাত, ব্যাধি, অথবা জন্মসূত্রে পাওয়া কোনও জটিলতা একজন ব্যক্তির **অক্ষমতা/বিকলাঙ্গতার** কারণ হতে পারে। অক্ষমতা/বিকলাঙ্গতা সাধারণত দীর্ঘমেয়াদি এবং চলমান, আজীবন স্থায়ী হয়। তাই, অক্ষমতা/বিকলাঙ্গতা বলতে শুধুমাত্র কয়েকমাসের অসুস্থতাকে অথবা দেহের ভাঙ্গা হাড় সেরে ওঠানোকে বোঝায় না।

একজনের সামর্থ্য বা কর্মক্ষমতা হয়তো অন্যজনের দৃষ্টিভঙ্গির (মনোভাব) আর পারিপার্শ্বিক পরিবেশের কারণেও প্রভাবিত হতে পারে, যেমন তারা বাসায়, কর্মক্ষেত্রে, জনসমাজে যেভাবে চলাফেরা করে থাকেন, সর্বজনীন পরিবহন যেভাবে ব্যবহার করেন এবং সমাজে যেভাবে তারা যেভাবে গৃহীত হয়ে থাকেন।

২. অস্ট্রেলিয়ার প্রেক্ষিতে অক্ষমতা/বিকলাঙ্গতা

অস্ট্রেলিয়াতে, সমাজের অন্যান্যদের মতোই অক্ষম/বিকলাঙ্গ ব্যক্তিগণ ঠিক একই অধিকার এবং সমস্ত কার্যকলাপের সুবিধাদি পেয়ে থাকেন। উদাহরণস্বরূপ, তাদের নিরপেক্ষভাবে গৃহীত হওয়ার অধিকার আছে, শেখার ক্ষেত্রে, কাজ করার ক্ষেত্রে এবং তারা কোথায় কিভাবে জীবন যাপন করবেন সেক্ষেত্রে।

অক্ষম/বিকলাঙ্গ ব্যক্তি একটি পরিমিত জীবন অতিবাহিত করতে পারেন, তাদের জীবনের লক্ষ্য এবং স্বপ্ন পূরণ করতে পারেন এবং সমাজে অংশগ্রহণপূর্বক অবদানও রাখতে পারেন। অক্ষম/বিকলাঙ্গ ব্যক্তির প্রতিরোধশক্তি প্রবল এবং তারা নতুন শিক্ষাতে দীক্ষিত হওয়ার ক্ষমতা রাখেন।

পরিবার এবং সমাজ জীবনের প্রতিক্ষেত্রেই অক্ষম/ বিকলাঙ্গ ব্যক্তিগন নিজেকে অন্তর্ভুক্ত করতে চান, আর অস্ট্রেলিয়ার আইন তাদেরকে এসব করতে সহায়তা দিয়ে থাকে। অস্ট্রেলিয়াতে একজন অক্ষম/ বিকলাঙ্গ ব্যক্তিকে বৈষম্য করা আইনের পরিপন্থী।

কারো অক্ষমতা থাকা মানে হয়তো ঐ ব্যক্তিটি কাজগুলো ভিন্নভাবে সম্পাদন করে থাকেন, এবং এই ব্যাপারে তাদের হয়তো নানারকমের সহায়তা (সাহায্য) দরকার হয়। তাদের হয়তো নিম্নবর্ণিত সাহায্যসমূহ প্রয়োজনঃ

- গোসল বা স্নান করা
- জামা কাপড় পরিধান করা
- বিছানায় যাওয়া বা পরিত্যাগ করা
- কথা বলা অথবা বুঝে নেয়া
- কেনাকাটা করা
- সমাজের অন্তর্ভুক্ত হওয়া
- কর্মক্ষেত্রে অথবা চিকিৎসালয়ের সাক্ষাতে যাওয়া
- কোনো সরঞ্জামাদি ক্রয় করা, যেমন হুইলচেয়ার
- নিজের বাড়ীর দেখাশুনা করা এবং ঠিকভাবে (সুন্দরমতো) জীবনটাকে অতিবাহিত করা

৩. অক্ষমতা/ বিকলাঙ্গতার প্রকারভেদ

বুদ্ধিবৃত্তিক অক্ষমতা/ বিকলাঙ্গতা

বুদ্ধিবৃত্তিকতায় অক্ষম/ বিকলাঙ্গ ব্যক্তিকে নতুন কিছু শিখতে, সমস্যা সমাধানে, মনোযোগে আর কিছু স্মরণ রাখার ক্ষেত্রে অন্যান্যদের তুলনায় আরো বেশি অসুবিধায় পরতে হয়। সবচাইতে সাধারণ কারণগুলো হচ্ছে –

- জন্মগতভাবে অক্ষম/ বিকলাঙ্গ
- গর্ভাবস্থায় সমস্যা (উদাহরণস্বরূপ, পর্যাপ্ত অক্সিজেন না পাওয়া)
- স্বাস্থ্য সমস্যা
- পর্যাপ্ত খাদ্যের অথবা ভাল চিকিৎসার অভাব

শারীরিক অক্ষমতা/ বিকলাঙ্গতা

শারীরিক অক্ষমতা/ বিকলাঙ্গতা একজন মানুষের শারীরিক কার্যকলাপ বা চলাচলকে প্রভাবিত করে থাকে, যেমন - হাঁটাচলা বা মূত্রাশয় নিয়ন্ত্রন। অথবা শরীরের কোনও অংশকে প্রভাবিত করে, যেমন – একটি হাত বা পা না থাকা। শারীরিক অক্ষমতার/ বিকলাঙ্গতার অনেক কারণ আছে, একজন ব্যক্তি জন্মগতভাবে এরকম হতে পারে, কোনও দুর্ঘটনা বা রোগও এর কারণ হতে পারে। মেরুদণ্ডে আঘাত, মস্তিষ্ক সংক্রান্ত পক্ষাঘাত (cerebral palsy) এবং একাধিক ধমনির নরম কলার কাঠিন্যতা (multiple sclerosis) এই সবই শারীরিক অক্ষমতার/ বিকলাঙ্গতার অন্তর্ভুক্ত।

স্নায়ুতান্ত্রিক অক্ষমতা/ বিকলাঙ্গতা

স্নায়ুতান্ত্রিক অক্ষমতা শরীরের বাকী অংশের সাথে মস্তিষ্কের তথ্য আদান প্রদানের প্রক্রিয়াকে প্রভাবিত করে থাকে, উদাহরণস্বরূপ, কথা বলা, চিন্তা করা এবং চলাফেরা করা। মানুষ জন্মগতভাবেই এরকম হতে পারে, পরবর্তী জীবনে অক্ষমতা/ বিকলাঙ্গতা বিকশিত হতে পারে অথবা অক্ষমতা/ বিকলাঙ্গতা কোনো দুর্ঘটনার কারণেও হতে পারে।

মানসিক অসুস্থতা

মানসিকভাবে বিকারগ্রস্ত ব্যক্তিগন তাদের চিন্তাভাবনা, আচরণ বা অনুভব প্রকাশে জটিলতায় পরতে পারে, যা কিনা তাদের সম্পর্ক, কাজ বা বেঁচে থাকার সামর্থ্যকে প্রভাবিত করে থাকে। যেমন একজন ব্যক্তির গুরুতর বিষণ্ণতা তার দৈনন্দিন জীবনযাপনের সামর্থ্যকে প্রভাবিত করতে পারে। এটা তাদের সম্পর্ক, তাদের কাজ এবং জীবন উপভোগ করাকে প্রভাবান্বিত করে থাকে।

ঐন্দ্রিয়িক অক্ষমতা/ বিকলাঙ্গতা

শ্রবণহানি, দৃষ্টি প্রতিবন্ধকতা বা বাকশক্তির অক্ষমতা এগুলোর মধ্যে পরে।

মস্তিষ্কে প্রাপ্ত আঘাত

জন্মের পরবর্তীতে মস্তিষ্কে প্রাপ্ত যেকোনো আঘাতকে একোইয়ার্ড ব্রেন ইনজুরি (Acquired Brain Injury) বলা হয়। গাড়ি, খেলাধুলা বা অন্য দুর্ঘটনা, স্ট্রোক, মস্তিষ্কের অধিমাংস (Brain Tumour), মদ্যপান, মাদকের অপব্যবহার বা বিষ সেবনের কারণে এটা হতে পারে। মস্তিষ্কে প্রাপ্ত আঘাত সামান্য এবং স্বল্পমেয়াদী, অথবা গুরুতর আর জীবনব্যাপী হতে পারে।

অটিজম

অটিজমে আক্রান্ত ব্যক্তিগণ ভাষাগত বা যোগাযোগের আদান প্রদানে এবং সামাজিক দক্ষতা শেখার ক্ষেত্রে জটিলতায় পরতে পারে। তারা হয়তো শব্দ, স্পর্শ, স্বাদ, ঘ্রান, আলো অথবা রসে সংবেদনশীল হতে পারেন।

৪. প্রারম্ভিক সাহায্যগুলো

যদি আপনি মনে করেন যে আপনার সন্তান কোনোভাবে অক্ষম/বিকলাঙ্গ যথাশীঘ্রই তাকে সাহায্য করা হলে সেটা সন্তানের বেড়ে ওঠাতে আর বিকাশের সহায়ক হবে এবং তার মানে পরবর্তীতে তাদের সল্লতর সাহায্যের প্রয়োজন পরবে।

এই প্রারম্ভিক উপকারী সাহায্যগুলো পরিবারবর্গকে তাদের সন্তানের অক্ষমতা/বিকলাঙ্গতা বুঝাতে সাহায্য করে এবং তারা তাদের সন্তানেদেরকে ভালোভাবে যত্ন নিতে পারে।

৫. আনুষঙ্গিক সহায়তাসমূহ

কিছু কিছু অক্ষম/বিকলাঙ্গ ব্যক্তি আর তাদের পরিবারবর্গের কাছে আনুষঙ্গিক সাহায্য সহায়তাসমূহ পাওয়াটা অনেকটা কষ্টসাধ্য হয়ে পড়ে। তাই অক্ষমতা/বিকলাঙ্গতা কি আর কাকে বলা হয় সেটা বোঝাটা জরুরী। আপনার কোনোরকম অক্ষমতা আছে কিনা সেটা জানার জন্য আপনার চিকিৎসকের পরামর্শ নিন। একজন অক্ষম/বিকলাঙ্গ ব্যক্তি আর তার পরিবারকে সমর্থন করার জন্যে নানা রকমের সাহায্য এবং সেবা রয়েছে।

৬. কোথায় সাহায্য পাওয়া যাবে

আপনি যদি কুইন্সল্যান্ড নিবাসী হয়ে থাকেন, আর আপনার বা আপনার পরিবারের কারো এখনই সাহায্য পেতে ১৩ ৭৪ ৬৮ নাম্বারে কল করুন এবং আপনার পরিস্থিতির ব্যাপারে কথা বলার জন্য ডিসএবিলিটি সার্ভিস (Disability Service) এর কারও সাথে কথা বলার জন্য অনুরোধ করবেন।

৭. অক্ষম/বিকলাঙ্গ ব্যক্তিবর্গের পরিবর্তিত নব্য সেবাসমূহ

আগামী ৩ বছরে অক্ষম/বিকলাঙ্গ ব্যক্তিদের এবং তাদের পরিবারের লোকেরা কিভাবে আনুষঙ্গিক সাহায্য সহায়তা পেতে পারে সে ব্যাপারে বড় রকমের পরিবর্তন ও উন্নতি করা হবে। হালনাগাদ তথ্য পেতে দয়া করে ন্যাশনাল ডিসএবিলিটি স্কীম ইন্সুরেন্স স্কীম ওয়েবসাইট (National Disability Insurance Scheme Website) এর ওয়েবসাইট www.ndis.gov.au দেখুন অথবা ১৮০০ ৮০০ ১১০ নাম্বারে কল করুন। দোভাষীর প্রয়োজন হলে ১৩১ ৪৫০ তে কল করুন।

৮. আপনার কি একজন দোভাষীর বা কোনও অনূদিত তথ্যের প্রয়োজন?

যেহেতু অক্ষম/বিকলাঙ্গ ব্যক্তির সেবায় নিয়োজিত সকল সংস্থার খরচ কুইন্সল্যান্ড রাজ্য সরকার দিয়ে থাকে, সেহেতু প্রয়োজনে তাদেরকে দোভাষীর ব্যবস্থা করতে হবে, এবং আপনিও একজন দোভাষীর ব্যাপারে জিজ্ঞেস করতে পারেন। ন্যাশনাল ডিসএবিলিটি ইন্সুরেন্স স্কীমও দোভাষী সরবরাহ করে থাকে। দোভাষীরা প্রশিক্ষণ পেয়ে থাকে তথাপি তাদেরকে মঞ্চেলের একান্ত তথ্যাদি অবশ্যই সংযত রাখতে হয়। সেবার প্রক্রিয়া এরকম হওয়া উচিত যেনও



আপনাকে দেওয়া তথ্যসমূহ আপনি বুঝতে পারেন, উদাহরণস্বরূপ, আপনি তথ্যসমূহ আপনার ভাষাতে অনুবাদ করে দেওয়ার জন্য অনুরোধ করতে পারবেন।

৯. পক্ষসমর্থন/ওকালতি সক্রান্ত সহায়তা

আপনার আবশ্যিকতা পূরণে কথা বুঝিয়ে বলতে সাহায্যের দরকার পরলে হয়তোবা আপনি কোনো ওকালতি/পক্ষসমর্থন করে এরকম সংস্থার সেবা পাওয়ার উপযুক্তও হতে পারেন।

আপনি কুইন্সল্যান্ডের বসবাসী হলে, যোগাযোগ করবেন –

AMPARO Advocacy (Brisbane)	3354 4900
Capricorn Citizen Advocacy (Rockhampton)	4922 0299
Gold Coast Advocacy	5564 0355
Independent Advocacy Townsville	4725 2505
Ipswich Regional Advocacy Service	3281 6006
Mackay Advocacy Inc	4957 8710
Queensland Advocacy Incorporated	3844 4200
Rights In Action Incorporated (Cairns)	4031 7377
Speaking Up For You (Brisbane/ Caboolture)	3255 1244
Sunshine Coast Citizen Advocacy	5442 2524
The Advocacy and Support Centre (Ipswich)	3812 7000
The Advocacy and Support Centre (Toowoomba)	4616 9700
People with Disability Australia (Bundaberg, Fraser Coast, Logan, Mt Isa, Sunshine Coast)	1800 422 015

অসন্তোষ থাকলে অভিযোগ করতে পারবেন

মনে রাখবেন, আপনাকে যদি কোনো সংস্থার সাথে যোগাযোগ করতে বলা হয়, কিন্তু তারা কোনোরকম সাহায্য না করে, আপনি ফিরে গিয়ে তাদেরকে আরো ভালভাবে সাহায্যের জন্য অনুরোধ করতে বলতে পারবেন, প্রয়োজনে অভিযোগ করুন।

সংস্কৃতিগত এবং অক্ষমতা/ বিকলাঙ্গতার কারণে যদি আপনাকে বৈষম্যের শিকার হতে হয়েছে, এমন মনে করে থাকেন, অ্যান্টি ডিসক্রিমিনেশন কমিশন কুইন্সল্যান্ড (Anti Discrimination Queensland Commission) ১৩০০ ১৩০ ৬৭০ বরাবরেও যোগাযোগ করতে পারবেন।

আম্পারো এডভোকেসি (AMPARO Advocacy Inc) এই তথ্যগুলো প্রকাশ করেছে। তথ্যসমূহের প্রকাশকালে অত্যন্ত যত্নসহকারে এর সঠিকতা নিশ্চয়ের চেষ্টা করা হয়েছে, বর্ণিত তথ্যসমূহ সাধারণ দিকনির্দেশনা দেওয়ার জন্য প্রস্তুত করা হয়েছে মাত্র, কিন্তু তথ্যগুলো যথাযথ, হালনাগাদ বা সম্পূর্ণ নাও হতে পারে। ব্যক্তিগত পৃথক পরিস্থিতির ব্যাপারে পরামর্শ বাঞ্ছনীয়।

প্রকাশের তারিখ - অক্টোবর ২০১৬

Date of Publication – October 2016. Translated – June 2018



53 Prospect Road, Gaythorne, QLD 405
PO Box 2065, Brookside Centre, QLD 4053
www.amparo.org.au info@amparo.org.au

phone 07 3354 4900
Interpreter Service 131450